



**ঢাকা বিশ্ববিদ্যালয়ে  
ছাত্র সংখ্যা কত**

110

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা কত কত পক্ষ তাহা জানেন না। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর-সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরে খোঁজ করিয়া সঠিক কোন তথ্য পাওয়া যায় নাই। তবে জনসংযোগ দপ্তর কতক প্রাপ্ত বিশ্ববিদ্যালয় দিবস '৮৫-এর একটি সূভ্যোনির ও ৬৪তম বার্ষিক বিবরণী পুস্তক হইতে ছাত্র-ছাত্রীর যে সংখ্যা পাওয়া গিয়াছে তাহার ব্যবধান উল্লেখ করিবার মত। পঁচাত্তর চাই ফেব্রুয়ারী প্রকাশিত (শেষ পৃঃ ৪-এর কঃ পঃ)

**ছাত্র কত ?**

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় দিবসের সূভ্যোনিরের তথ্য অনুযায়ী মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৬,০৪৮ জন। অথচ একই সূভ্যোনিরে বিভিন্ন হলের আবাসিক, অনাবাসিক ছাত্র-ছাত্রীর তালিকায় যে সংখ্যা উল্লেখ করা হইয়াছে, উহার যোগফল দাঁড়ায় ২১,২০০ জন। অতীতের ৩ মাসের ব্যবধানে যে মাসে প্রকাশিত ৬৪তম বার্ষিক বিবরণী পুস্তিকায় এই সংখ্যা আরও বাড়িয়া গিয়াছে। এই পুস্তিকায় বিশ্ববিদ্যালয়ের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা দেখানো হইয়াছে ২২,০১১ জন। তবে এই তালিকায় আবাসিক ছাত্র-ছাত্রীর সংখ্যা পূর্বের তুলনায় ২০০ কম দেখানো হইয়াছে। জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি শুরু হওয়ার পর শেষ করার নির্দিষ্ট কোন তারিখ না থাকায় কর্তা ব্যক্তিদের অনুরোধ অথবা সুপারিশক্রমে বছরের সারা সময় ভর্তি সংক্রান্ত কাজ অব্যাহত থাকে। ফলে ইচ্ছা সত্ত্বেও ছাত্র-ছাত্রীর সংখ্যা নির্ধারণ করা সম্ভব হয় না। খোঁজ নিয়া জানা গিয়াছে, নূতন শিক্ষাবর্ষের ক্লাস ৩/৪ মাস আগে শুরু হইলেও ভর্তি এবং বিষয় পরিবর্তনের কাজ এখনও চলিতেছে। ফলে আগামী সেশনে ভর্তির উদ্ভোগ গ্রহণ কত পক্ষের পক্ষে খুব তাড়াতাড়ি নেওয়া সম্ভব হইবে না।